# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন : 88-02-8181618, ফ্যাক্স : ৮১৮১২৮১, ই-মেইল : shamsul_ugc58@yahoo.com
ওয়েব : www.ugc.gov.bd

নং- বিমক/বৃত্তি/৬.৫৬/প্রট্যাএ/২০১৭/অংশ-৫/৭০২৬ তারিখ ঃ ২৮-০৮-২০১৭ ইং

**বিষয় ঃ "প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬" এর জন্য প্রার্থী মনোনয়ন।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক **"প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬"** প্রদানের নিমিত্ত ইউজিসি কর্তৃক প্রণীত প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান সংক্রান্ত নীতিমালার **(পরিশিষ্ট-ক)** আলোকে নির্ধারিত ফরমে শিক্ষার্থী মনোনয়নের জন্য বিশ্ববিদ্যালয় সমূহকে অনুরোধের প্রেক্ষিতে প্রেরিত প্রার্থীদের আবেদন যাচাই-বাছাই পূর্বক কমিশন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ২৬৪ (দুইশত চৌষট্টি) জন প্রার্থীর তালিকা ইউজিসি ওয়েবসাইট (**www. ugc.gov.bd/en/home/downloadfile/33**)-এ প্রকাশ করা হয়েছে।

উক্ত তালিকার বিষয়ে কোন প্রার্থীর মতামত/বক্তব্য থাকলে আগামী ০৭-০৯-২০১৭ ইং তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন বরাবরে দালিলিক প্রমাণসহ লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল। অন্যথায় উক্ত তালিকা চূড়ান্ত বলে গণ্য হবে।

দ্রুত পত্র যোগাযোগের প্রয়োজনে প্রেরিতব্য মতামত/বক্তব্য সম্বলিত পত্রের স্ক্যান কপি (**jahirugc@gmail.com**) ই-মেইল ঠিকানায় উক্ত তারিখের মধ্যে প্রেরণ করা যাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৮/০৮/২০১৭

(জাফর আহম্মদ জাহাঙ্গীর)
অতিরিক্ত পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

নং- বিমক/বৃত্তি/৬.৫৬/প্রট্যাএ/২০১৭/অংশ-৫/ ৭০২৬/১(৯) তারিখ ঃ ২৮-০৮-২০১৭ ইং

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :**

১। **রেজিস্ট্রার,** ঢাকা / রাজশাহী / বাংলাদেশ কৃষি / বাংলাদেশ প্রকৌশল / চট্টগ্রাম / জাহাঙ্গীরনগর/ ইসলামী / শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি / খুলনা / জাতীয় / বাংলাদেশ উন্মুক্ত / বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি / হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি / মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি / পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / শেরে বাংলা কৃষি / চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি / রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি / খুলনা প্রকৌশল ও প্রযুক্তি / ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি / নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / জগন্নাথ / কুমিল্লা / জাতীয় কবি কাজী নজরুল ইসলাম / চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস / সিলেট কৃষি / যশোর বিজ্ঞান ও প্রযুক্তি / বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) / বেগম রোকেয়া / পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি / বাংলাদেশ টেক্সটাইল / বরিশাল / আহ্ছানউল্লাহ্ বিজ্ঞান ও প্রযুক্তি / ইষ্ট ওয়েষ্ট বিশ্ববিদ্যালয়।

২। পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন / আইএমসিটি ডিভিশন), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক (জনসংযোগ), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইএমসিটি ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা **(ইউজিসি'র ওয়েবসাইটে "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" লিংকে আপলোড করার জন্য)।**
৬। সদস্য (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৭। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৮। সংশ্লিষ্ট নথি।
৯। মহানথি।

২৮.০৮.১৭

(মোঃ জহিরুল ইসলাম)
সহকারী পরিচালক (বৃত্তি)
মোবা: ০১৭১৬-৪০৮৬৯০

" পরিশিষ্ট-ক "

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭

## ইউজিসি কর্তৃক প্রদত্ত "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" প্রদান সংক্রান্ত নীতিমালা (সংশোধনী)

**অনুমোদনের তারিখ ঃ ১৬-০১-২০১৭**

১। ইউজিসি কর্তৃক প্রণীত Form (তথ্য ছক) যথাযথ ভাবে পূরণ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক সীল স্বাক্ষর পূর্বক বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে। Form (তথ্য ছক) ইউজিসি'র ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

২। মনোনীত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক প্রত্যয়নপত্র স্বাক্ষর করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে।

৩। **পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে (জাতীয়, উন্মুক্ত ও আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত):**

(ক) যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(খ) যদি একই বছরে একই অনুষদের একাধিক সেশনের ফল প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে বিভিন্ন সেশনের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(গ) একই বছরে একই বিভাগ হতে প্রকাশিত ফলাফলে যদি একাধিক সমান নম্বর/সিজিপিএ পেয়ে থাকেন সে ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের শতকরা হার বিবেচনা করে মনোনয়ন প্রদান হবে।

(ঘ) স্নাতক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে সেই ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

(ঙ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল অনুষদ থেকে এমবিবিএস ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে উক্ত বছরের জন্য একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৪। **জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পর্যায়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৫। **প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

স্থায়ী সনদপ্রাপ্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৬। যে সব বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না সে সব বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে। কোন অনুষদে স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী একাধিক হলে সে ক্ষেত্রে স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সম্মান পরীক্ষার ফলাফল একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

৭। শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়নের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ জিয়াউর রহমান
(রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন)
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন